ত্রিশালে আব্দুল মান্নানের মৃত্যুতে শোক সভা

ময়মনসিংহের ত্রিশালে সাংবাদিক এনামুল হক ফাউন্ডেশনের আয়োজনে প্রতিষ্ঠানের সভাপতি ডাঃ এনামুল হকের শ্রদ্ধাভাজন পিতা আব্দুল মান্নানের মৃত্যুতে শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (১৯ মে) বাদ আছর সাংবাদিক এনামুল হক ফাউন্ডেশনের ত্রিশাল অফিসে এক শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এ সময় ত্রিশাল রিপোর্টার্স ইউনিটির সভাপতি এইচ. এম জোবায়ের হোসেনের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন, বাগান ইসলামিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ আনোয়ার সাদত জাহাঙ্গীর, ত্রিশাল উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক যুগ্ম আহবায় ও সামাজিক সংগঠন পাশে দাঁড়াও এর প্রতিষ্ঠাতা সভাপতি জহিরুল ইসলাম জহির সরকার,

ত্রিশাল রিপোর্টার্স ক্লাবের মমিনুল ইসলাম মমিন, শিশু কল্যাণ ফাউন্ডেশনের সভাপতি মাহমুদুল হাসান রায়হান, সারা এনজিও ময়মনসিংহ বিভাগীয় প্রধান মজিবুর রহমান, ত্রিশাল সরকারি নজরুল কলেজের গভনিং বডির সদস্য আব্দুল আউয়াল প্রমুখ। শোক সভায় সভাপতিত্ব করেন সাংবাদিক এনামুল হক ফাউন্ডেশনের সভাপতি ডাঃ এনামুল হক।সাংবাদিক এনামুল হক ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম হৃদয়।

আলোচনা সভা শেষে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন আলজামিয়া উল মুদিয়া নীলবানাদ মহিলা মাদ্রাসার পরিচালক সাঈদ মুহাম্মদ তৈয়বুর রহমান।

এ সময় আরও উপস্থিত ছিলেন, দৈনিক ভোরে অপেক্ষা পত্রিকার ত্রিশাল প্রতিনিধি ও দৈনিক বিশ্বের মুখপত্র পত্রিকার স্টাফ রিপোর্টার ফাতেমা শবনম, সাংগঠনিক সম্পাদক আব্দুল কাদের, কোষাধ্যক্ষ জসিম উদ্দিন, দপ্তর সম্পাদক রহমত উল্লাহ তুহিন, দেশ রিভিউ পত্রিকার ত্রিশাল প্রতিনিধি মাহমুদুল হাসান সজিব,আব্দুল কাদের সানী,আল-জুবায়ের প্রমুখ।

নাটোরের নলডাঙ্গা থেকে ফেন্সিডিল ও মোটরসাইকেলসহ মাদক কারবারী গ্রেফতার

নাটোরের নলডাঙ্গা থেকে বুধবার সন্ধা সাড়ে সাতটায় হাপানিয়া বাজার থেকে ৩৫ বোতল ফেন্সিডিল ও তাদের বহনকারী ২ টি মোটরসাইকেলসহ ৪ জনকে গ্রেফতার করেছে র্যাব।
গ্রেফতারকৃতরা হলেন,নাটোরের গ্রামের নলডাঙ্গা উপজেলার পাটুল হাপানিয়া গ্রামের জামাল হোসেনের ছেলে বুলবুল প্রামানিক(২৬), বাঁশভাগ পূর্বপাড়া গ্রামের আজিম উদ্দিন দেওয়ানের ছেলে সবুজ দেওয়ান (২০) ও দিনাজপুর জেলার বিরামপুর উপজেলার হরিহরপুর গ্রামের নুরুল ইসলামের ছেলে সুজন হোসেন -৩৩, পারভবানীপুর গ্রামের জিন্নত আলীর ছেলে আরজান হোসেন (৩২), ।

র্যাবের প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, গোয়েন্দা তথ্যের ভিক্তিতে সিপিসি -২ নাটোর র্যাব ক্যাম্পের একটি টিম পাটুল হাপানিয়া বাজারে অভিযান চালায় ।
এসময় ২ টি মোটর সাইকেল ও ৩৫ বোতল ফেন্সিডিলসহ সুজন, আরজান, বুলবুল ও সবুজকে গ্রেফতার করা হয় । এ ঘটনায় নলডাঙ্গা থানায় একটি মামলা দায়ের করা হয়েছে ।

দামুড়হুদায় আনসার ও ভিডিপির পক্ষ থেকে খাদ্য সামগ্রী শুভেচ্ছা উপহার বিতরণ

দামুড়হুদায় আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে অসহায় দুস্থ আনসার ও ভিডিপি সদস্যদের জন্য মহাপরিচালক এর পক্ষ থেকে খাদ্য সামগ্রী শুভেচ্ছা উপহার বিতরণ করা হয়েছে।

জানা গেছে, গতকাল মঙ্গলবার বেলা ১২ টার দিকে উপজেলা পরিষদ চত্বরে আনসার ও ভিডিপি কার্যালয় থেকে আনসার ও ভিডিপি ৫০ জন নারী - পুরুষের মাঝে চাল,ডাল তৈল আলু, পেঁয়াজ, ঈদ শুভেচ্ছা উপহার বিতরণ করেন সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ।

বিতরণ কালে উপস্থিত ছিলেন, উপজেলা আনসার ও জিডিপি উন্নয়ন ব্যাংক এর ব্যবস্থাপক নজরুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রভাষক শরিফুল আলম মিল্টন, দামুড়হুদা প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক হাবিবুর রহমান হাবীব, উপজেলা আনসার ও জিডিপি কার্যালয়ের প্রশিক্ষক চায়না খাতুন প্রমূখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা আনসার ও জিডিপি কার্যালয়ের প্রশিক্ষক আশরাফুল ইসলাম।

শুভেচ্ছা উপহার বিতরণ কালে সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ বলেন, মহামারী করোনা প্রতিরোধে সকলকে সচেতনতা সাথে চলাচল করতে হবে। বাইরে চলাচল করলে অবশ্যই মাস্ক পরতে হবে। সরকারের দেওয়া সকল স্বাস্থ্য বিধি যথাযথ ভাবে পালন করতে হবে।

সকলের সচেতনতায় করোনা প্রতিরোধ করা সম্ভব হবে। নিজে সুস্থ থাকুন, পরিবারকে সুস্থ। সর্বোপরি আপনাদের ঈদ হোক আনান্দের।

তামাকজাত দ্রব্যের ওপর সুনির্দিষ্ট করারোপের দাবিতে অনলাইন সংবাদ সম্মেলন

বিদ্যমান পদ্ধতিতে তামাকজাত দ্রব্যের মূল্য নির্ধারণ ও করারোপে তামাক কোম্পানির লাভ অনাকাক্সিক্ষতভাবে বৃদ্ধি পায়। তাই আগামী অর্থবছর থেকে তামাকজাত দ্রব্যের বিদ্যমান অ্যাড ভেলোরেম পদ্ধতির পরিবর্তে, সুনির্দিষ্ট করারোপের দাবি জানিয়েছে বাংলাদেশ তামাক বিরোধী জোট (বাটা) ও বাংলাদেশ নেটওয়ার্ক ফর টোব্যাকো ট্যাক্স পলিসি (বিএনটিটিপি)।

মঙ্গলবার বেলা সাড়ে ১১ টায় এক অনলাইন সংবাদ সম্মেলনে তারা এই দাবি জানায়। সংবাদ সম্মেলনে এই দাবি সম্বলিত লিখিত বক্তব্য উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক এসএম আবদুল্লাহ।

বাটা’র সমস্বয়কারী সাইফুদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন জাতীয় রাজস্ব বোর্ডের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. নাসির উদ্দিন আহমেদ; বাংলাদেশ ক্যান্সার সোসাইটির প্রকল্প পরিচালক অধ্যাপক ডা. গোলাম মহিউদ্দিন ফারুক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ও বিএনটিটিপি’র কনভেনর ড. রুমানা হক ও বাংলাদেশ পার্লামেন্ট জার্নালিস্ট এসোসিয়েশনের যুগ্ম সাধারণ সম্পাদক নিখিল ভদ্র। অনুষ্ঠান সঞ্চালনা করেন এইড ফাউন্ডেশনের প্রকল্প পরিচালক সাগুফতা সুলতানা।

এসএম আবদুল্লাহ বলেন, তামাকজাত দ্রব্যের ওপর করারোপে প্রচলিত অ্যাড ভেলোরেম পদ্ধতিটি জটিল ও ত্রুটিপূর্ণ। ফলে তামাকজাত দ্রব্যের দাম বাড়লেও তামাক ব্যবহারকারীর সংখ্যা যেমন কাক্সিক্ষত হারে কমছে না তেমনি সরকারের রাজস্ব আয়ও উল্লেখযোগ্য হারে বাড়ছে না। বরং তামাক কোম্পানির মুনাফা অনাকাক্সিক্ষতভাবে বৃদ্ধি পাচ্ছে।

সাংবাদিকদের প্রশ্নোত্তরে ড. নাসির উদ্দিন আহমেদ বলেন, বর্তমানে বিশ্বের প্রায় ৭৬ ভাগ দেশে তামাকজাত দ্রব্যের ওপর কোন না কোনভাবে সুনির্দিষ্ট পদ্ধতির করারোপ ব্যবস্থা বিদ্যমান। বিশ্বের ১১৫ টি দেশে ইউনিফর্মড কর ব্যবস্থা চালু রয়েছে। অর্থাৎ এসব দেশে সব সিগারেট এক দামে কিনতে হয়, কোন মূল্য স্তর নেই।

দক্ষিণপূর্ব এশিয়ায় কেবলমাত্র বাংলাদেশে স্তরভিত্তিক অ্যাড ভেলোরেম পদ্ধতিতে তামাকজাত দ্র্রব্যের ওপর করারোপ করা হয়। তিনি থাইল্যান্ড ও শ্রীলংকার সফলতার তথ্য-উপাত্ত উপস্থাপন করে সুনির্দিষ্ট করারোপের সুবিধাসমূহ তুলে ধরেন।

তিনি আরও বলেন, বাংলাদেশের প্রচলিত ‘মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২’ এর ধারা ১৫(৩) ও ৫৮ অনুযায়ী সবধরনের তামাকজাতপণ্যে সুনির্দিষ্ট কর আরোপ করা সম্ভব।

ড. রুমানা হক বলেন, বিশ্বে তামাক নিয়ন্ত্রণে সফল দেশগুলো ‘অ্যাড ভেলোরেম’ করারোপ পদ্ধতির পরিবর্তে ‘সুনির্দিষ্ট করারোপ’ পদ্ধতি অনুসরণ করে থাকে। ‘সুনির্দিষ্ট করারোপ’ পদ্ধতিতে

দ্রব্যের মূল্যের ওপর শতাংশ হারে করারোপের পরিবর্তে দ্রব্যের পরিমাণের ওপর সুনির্দিষ্ট পরিমাণ কর নির্ধারণ করা হয়।

তামাকজাত দ্রব্যের ওপর সুনির্দিষ্ট কর আরোপ করা হলে করের পরিমাণ নির্ণয় ও কর আদায় করা সহজ হবে, সব ধরণের তামাকজাত পণ্যের মূল্য বৃদ্ধি পাবে, রাজস্ব আয় উল্লেখযোগ্য পরিমাণে বাড়বে এবং তামাক কোম্পানির কর ফাঁকি দেয়ার সুযোগ কমবে।

ডা. গোলাম মহিউদ্দিন ফারুক বলেন, তামাকজাত দ্রব্যের উপর কর বৃদ্ধি হলে জনস্বাস্থ্য রক্ষা পাবে। ২০২১-২২ অর্থ-বছরের জন্য তামাকজাত দ্রব্যের কর প্রস্তাব বাস্তবায়িত হলে ১১ লক্ষ প্রাপ্ত বয়স্ক ধূমপায়ী ধূমপান ছেড়ে দেবে এবং ৮ লক্ষ তরুণ নতুন করে ধূমপান শুরু করতে নিরুৎসাহিত হবে। একইসঙ্গে রাজস্ব আয় প্রায় ৩ হাজার ৪০০ কোটি টাকা বৃদ্ধি পাবে।

এসময় নিখিল ভদ্র বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০৪০ সালের মধ্যে তামাকমুক্ত বাংলাদেশ নিশ্চিত করতে অধিক হারে তামাকজাত দ্রব্যের দাম বাড়াতে হবে যেন তা সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে থাকে।

সংবাদ সম্মেলনে তারা ২০২১-২২ অর্থ-বছরের জন্য কর প্রস্তাবও তুলে ধরেন। এই প্রস্তাবে রয়েছে- বিদ্যমান মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন অনুসারে তামাকজাত দ্রব্যের উপর সুনির্দিষ্ট কর আরোপ করা। প্রতি ১০ শলাকা সিগারেটের খুচরা মূল্য নিম্ন স্তরে ৫০ টাকা, মধ্যম স্তরে ৭০ টাকা, উচ্চ স্তরে ১১০ টাকা ও প্রিমিয়াম স্তরে ১৪০ টাকা নির্ধারণ করে যথাক্রমে ৩২.৫০ টাকা, ৪৫.৫০ টাকা, ৭১.৫০ টাকা, এবং ৯১ টাকা সুনির্দিষ্ট সম্পূরক শুল্ক আরোপ করা।

ফিল্টারবিহীন বিড়ির ২৫ শলাকার খুচরা মূল্য ২৫ টাকা এবং ফিল্টারযুক্ত বিড়ির ২০ শলাকার খুচরা মূল্য ২০ টাকা নির্ধারণ করে যথাক্রমে ১১.২৫ টাকা এবং ৯.০০ টাকা সুনির্দিষ্ট সম্পূরক শুল্ক আরোপ করা। এবং প্রতি ১০ গ্রাম জর্দার খুচরা মূল্য ৪৫ টাকা নির্ধারণ করে ২৭.০০ টাকা সুনির্দিষ্ট সম্পূরক শুল্ক এবং প্রতি ১০ গ্রাম গুলের খুচরা মূল্য ২৫ টাকা নির্ধারণ করে ১৫.০০ টাকা সুনির্দিষ্ট সম্পূরক শুল্ক আরোপ করা। ই-সিগারেটের উৎপাদন, আমদানী, বাজারজাতকরণ নিষিদ্ধ করা।

পাশাপাশি সকল তামাকপণ্যের খুচরা মূল্যের ওপর ১৫ শতাংশ মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং ১ শতাংশ স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ

পূর্বের ন্যায় বহাল থাকার সুপারিশ করা হয়।

কোটচাঁদপুরে বজ্রপাতে নারীর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে বজ্রপাতে মালেকা (৩০) নামে এক নারীর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

মঙ্গলবার বিকাল ৪ টার দিকে উপজেলার কুশনা গ্রামের দুয়ারপাড়ায় এ ঘটনা ঘটে। নিহত মালেকা ওই গ্রামের নজীর আলীর স্ত্রী।

স্থানীয় সূত্রে জানাযায়, মঙ্গলবার বিকালে বাড়ির পাশে একটি মাঠে মালেকা ও তার স্বামী ধান মাড়ায় করছিল। স্বামী নজীর আলী ধানের বিচুলী রাখতে বাড়ি যায়। এসময় ঝড়বৃষ্টি চলাকালে বজ্রপাতে ঝলসে গিয়ে ঘটনাস্থালেই স্ত্রী মালেকা মারা যায়।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মোঃ মঈন উদ্দিন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, ঘটনাটি আমি শুনেছি। ঘটনাস্থলে স্থানীয় ক্যাম্প পুলিশ পরিদর্শন করেছে।

মেহেরপুর রাধাকান্তপুর বাজারে অগ্নিকাণ্ড দুই লক্ষ টাকার ক্ষয়ক্ষতি

মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এ ঘটনায় ক্ষয়ক্ষতি হলেও হতাহতের কোন ঘটনা ঘটেনি।

বৃহস্পতিবার মধ্যরাতে রাধাকান্তপুর বাজার সংলগ্ন মতিনুর এর হোটেল থেকে আগুনের সূত্রপাত ঘটে। এসময় কারিজুলের চায়ের দোকান ও মতিরুলের সাইকেল মেরামতের দোকানে আগুন ছড়িয়ে পড়ে। আগুন লাগার সঙ্গে সঙ্গে স্থানীয়ভাবে আগুন নিয়ন্ত্রণের কাজ শুরু হয়। সংবাদ পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে।

হোটেল মালিক মতিনুর জানান, গতকাল শুক্রবার রাত ১১ টার দিকে দোকান বন্ধ করে বাড়িতে চলে যায়। কিছুক্ষণ পর আমার কাছে ফোন আসে দোকানে আগুন লেগেছে। সংবাদ পেয়ে দোকানে পৌঁছে দেখি ফায়ার সার্ভিসের কর্মীরা আগুন নিয়ন্ত্রণে এনেছে। কিন্তু ততক্ষণে আমার দোকান পুড়ে শেষ হয়ে গেছে।

অগ্নিকাণ্ডের ঘটনায় প্রায় দুই লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানান ভুক্তভোগীরা।

আলমডাঙ্গা বিভিন্ন সাহিত্য পরিষদ উদ্যোগে ইফতার মাহফিল

আলমডাঙ্গা সাহিত্য পরিষদ, গাঙচিল সাহিত্য সংস্কৃতি, আলা উদ্দিন আহমেদ পাঠাগার ও কলমিলতা সাহিত্য পত্রিকার আয়োজনে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকেল ৬ টার দিকে শহরের একটি হোটেলে এ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান পরিচালনা করেন গোস্বামী দূর্গাপুর হাইস্কুলের ধর্মীয় শিক্ষক মাঃ মনিরুজ্জামান।

ইফতার মাহফিল অনুষ্ঠানে আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি ও অবঃ শিক্ষক ওমর আলীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আলমডাঙ্গা প্রেসক্লাব সভাপতি শাহ আলম মন্টু।

গাঙচিল সাহিত্য সংস্কৃতি পরিষদের সমন্বয়ক ও প্রেসক্লাব সেক্রেটারি হামিদুল ইসলাম আজমের উপস্থাপনায় প্রধান বক্তা হিসাবে

উপস্থিত ছিলেন সাহিত্য পরিষদের প্রতিষ্ঠাতা সম্পাদক কবি আ.ফ.ম. সিরাজ সামজি|

বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা গাঙচিল সাহিত্য সংস্কৃতি পরিষদের সভাপতি কবি জামিরুল ইসলাম খান জামিল, সেক্রেটারি কবি হাবিবুর রহমান মজুমদার, সাংগঠনিক সম্পাদক কবি শাহিনুর রহমান অপূর্ব, আলাউদ্দিন আহমেদ পাঠাগারের পরিচালক ও কবি গোলাম রহমান চৌধুরী।

এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সদস্য ইয়ামিন, সাংস্কৃতিক ব্যাক্তিত্ব শামীম রেজা,শাহাবুল হক, ডাঃ আতিক বিশ্বাস, সাংবাদিক প্রশান্ত বিশ্বাস, তানভীর সোহেল, আজহারুল ইসলাম রাতুল প্রমুখ।

ত্রাণ বিতরণ নিয়ে বাকবিতণ্ডা, স্বেচ্ছাসেবক লীগ নেতাকে কুপিয়ে হত্যা

নোয়াখালীর হাতিয়ার সোনাদিয়া ইউনিয়নে জেলেদের ত্রাণ বিতরণকে কেন্দ্র করে প্রতিপক্ষের হামলায় জোবায়ের হোসেন (৪৩) নামের এক স্বেচ্ছাসেবক লীগ নেতা নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও ৬ জন।

শুক্রবার বেলা সাড়ে ১১টার দিকে চরচেঙ্গা বাজারে এ ঘটনা ঘটে। নিহত জোবায়ের হোসেন সোনাদিয়া ৫নং ওয়ার্ডের আবু তাহেরের ছেলে। তিনি ইউনিয়ন সেচ্ছাসেবক লীগের সহসভাপতি ও ৫নং ওয়ার্ডে ইউপি সদস্য প্রার্থী ছিলেন।

আহতরা হলেন, মো. ইরাক হোসেন ও মেহেদী জীবনসহ ৬ জন।

স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে চরচেঙ্গা বাজারে জেলেদের মাঝে ত্রাণ বিতরণ করছিলেন ইউপি চেয়ারম্যান নুর ইসলাম মালেশিয়া। বেলা সাড়ে ১১টার দিকে চাল বিতরণে অনিয়মের অভিযোগ তুলেন স্থানীয়রা।

এ নিয়ে চেয়ারম্যানের লোকজনের সঙ্গে জোবায়েরসহ কয়েকজনের বাকবিতণ্ডা হয়। এ ঘটনার জেরে নুর ইসলাম মালেশিয়ার লোকজন বাজারে অর্তকিত হামলা চালিয়ে জোবায়ের হোসেন, মেহেদী জীবন ও ইরাক হোসেনসহ বেশ কয়েকজনকে কুপিয়ে জখম করে। এতে ঘটনাস্থলে জোবায়ের নিহত হন। এ সময় হামলাকারীরা কয়েক রাউন্ড গুলিও ছুড়ে পালিয়ে যায়।

আসন্ন নির্বাচনে সোনাদিয়া ইউনিয়নের আওয়ামী লীগ প্রার্থী মেহেদী হাসান অভিযোগ করে বলেন, সকালে চেয়ারম্যানের লোকজন বাজারে ত্রাণ বিতরণ করছিলেন। এ ময় আমার সমর্থক জোবায়ের ও ইরাক দোকানে বসা ছিল। কোনো প্রকার উস্কানি ছাড়াই মালেশিয়ার লোকজন দোকানে প্রবেশ করে জোবায়ের, তার ছেলে জীবন ও আমার কর্মী ইরাককে এলোপাতাড়ি কুপিয়ে জখম করে। এতে ঘটনাস্থলে মারা যান জোবায়ের। আশংকাজনক অবস্থায় ইরাককে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

এ বিষয়ে কথা বলতে বর্তমান চেয়ারম্যান নুর ইসলাম মালেশিয়ার মোবাইলে একাধিকবার চেষ্টা করলেও তিনি রিসিভ করেননি।

হাতিয়া থানার ওসি আবুল খায়ের জানান, প্রতিপক্ষের হামলায় মেম্বার প্রার্থী জোবায়ের নিহত হয়েছেন। এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে। অস্ত্রধারীদের গ্রেফতারে পুলিশের অভিযান চলছে।

করোনা টেস্ট করাতে ঢাকায় এসে ‘খুন’ হলেন দুবাই প্রবাসী

খিলক্ষেতে ফ্লাইওভার থেকে বৃহস্পতিবার ভোরে গলায় গামছা পেঁচানো অবস্থায় এক প্রবাসীর রক্তাক্ত লাশ উদ্ধার করেছে পুলিশ।

নিহতের নাম সুভাষ চন্দ্র সূত্রধর (৩২)। তার বাড়ি বগুড়ার শিবগঞ্জের মোকামতলায়।

নিহতের পরিবার ও পুলিশ জানিয়েছে, করোনা টেস্ট করাতে ও দুবাই যাওয়ার জন্য টিকিট কিনতে বুধবার রাতে ঢাকায় আসেন সুভাষ। ভোরের

দিকে ৩০০ ফিট রোডসংলগ্ন ফ্লাইওভার থেকে তার লাশ উদ্ধার করা হয়।

দুবাই প্রবাসী সুভাষকে হত্যা করা হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করছে পুলিশ।

নিহতের লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

নিহতের ভায়রা কৃষ্ণ বাবু যুগান্তরকে বলেন, আগামী ৮ মে দুবাই যাওয়ার কথা ছিল সুভাষের। এজন্য করোনা টেস্ট ও বিমানের টিকিট কেনার জন্য গতকাল রাত ৮টায় মাইক্রোবাসে করে ঢাকার উদ্দেশে রওনা হন তিনি। যাওয়ার সময় ৬০/৭০ হাজার টাকা সঙ্গে নিয়ে যান।

তিনি বলেন, ভোরের দিকে আমার শাশুড়ি ফোন দিয়ে জানান সুভাষের মোবাইল বন্ধ পাওয়া যাচ্ছে। আমার বাসা খিলক্ষেত এলাকায় হওয়ায় আমি বিমানবন্দরসহ বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করতে থাকি। এর মধ্যে খিলক্ষেত থানায় ফোন দিলে পুলিশ সুভাষের লাশ উদ্ধারের কথা জানায়।

‘পরে ফ্লাইওভারে গলায় গামছা পেঁচানো রক্তাক্ত অবস্থায় তার লাশ দেখতে পাই। তবে তার কাছে কোনো টাকা পাওয়া যায়নি।’

নিহতের পরিবারের দাবি, এটি একটি হত্যাকাণ্ড। পুলিশ যেন হত্যাকারীদেরকে খুঁজে বের করে সঠিক বিচার করে।

নিহত সুভাষ বগুড়ার শিবগঞ্জের বড় নারায়নপুর গ্রামের মৃত সুবীর চন্দ্র সূত্রধরের ছেলে। পাঁচ ভাই ও তিন বোনের মধ্যে তিনি সবার ছোট ছিলেন। তার আরও তিন ভাই দুবাইতে থাকেন। গত বছর দেশে এসে বিয়ে করেছিলেন সুভাষ।

খিলক্ষেত থানার এসআই শাহিনুর রহমান যুগান্তরকে বলেন, নিহতের কাছে থেকে পাওয়া পাসপোর্ট অনুযায়ী, তিনি দুবাই থাকতেন। গত বছরের ১৩ নভেম্বর বাংলাদেশে আসেন।

পরিবারের বরাতে তিনি আরও বলেন, আগামী ৮ মে দুবাই যাওয়ার কথা ছিল সুভাষের। এজন্য গতকাল গ্রামের বাড়ি থেকে ঢাকায় করোনা টেস্ট করানোর জন্য এসেছিলেন।

প্রাথমিকভাবে এটিকে হত্যাকাণ্ড বলে মনে হচ্ছে। তবে ময়নাতদন্তের রিপোর্ট পেলে মৃত্যুর সঠিক কারণ বলা যাবে বলে জানান এসআই শাহিনুর।

গাংনীতে ঈদের আমেজে ক্লান্তিহীন কেনা কাটা

মেহেরপুরের গাংনীর নওয়াপাড়া গ্রামের গৃহবধু মৌসুমি খাতুন এসেছেন ঈদের পোশাক কেনাকাটা করতে। সাথে ননদ ও দু কন্যা, ননদ রুবিনা আর দেবর লালনকে নিয়ে। সকালে এসেছেন। দুপুর পর্যন্ত সবার জন্য পোশাক কিনেছেন। এখন ওই পোশাকের সাথে মিলিয়ে কিনবেন লীপস্টিক। ভীড় জমিয়েছেন প্রসাধনীর দোকানে। শুধু মৌসুমী নয় তার মতো অনেকেই স্বপরিবারে যুক্ত হয়েছেন ক্লান্তিহীন কেনা কাটায়। ভিড়, আর ধাক্কাধাক্কি সবকিছু ছাপিয়ে বাড়ি ফেরার পথে সবার হাতেই ছিল একের অধিক ব্যাগ। বিভিন্ন বিপণি বিতানগুলোও যেন রয়েছে ক্রেতার দখলে।

বিভিন্ন মার্কেট ও শপিং মলে গিয়ে দেখা গেছে, ঘর্মাক্ত দেহ নিয়ে পছন্দের অনুসঙ্গ কেনার জন্য ছুটছেন এ দোকান থেকে ও দোকানে। বিভিন্ন রং আর ডিজাইনের কাপড় দেখে পছন্দ করার পর চলে দর কষাকষি। অবশেষে পছন্দের পোশাক কিনতে পেরে বেজায় খুশি ক্রেতা আর বিক্রেতা পোশাকটি বিক্রি করতে পেরে বেজায় লাভের মুখ দেখায় তার মুখেও মৃদু হাঁসি। এভাবে মায়ের হাত ধরে মেয়ে স্বামীর হাত ধরে স্ত্রী আর প্রেমিকের হাত ধরে প্রেমিকা ছুটছেন এক মার্কেট থেকে অন্য মার্কেটে।

বাংলা ও বাঙ্গালীয়ানায় নারীর ঐতিহ্যবাহী অনুসঙ্গ শাড়ী। শাড়ী ছাড়া বাঙ্গালী নারীর কোন অনুষ্ঠানই যেন বেমানান। সেই শাড়ীর সাথে রয়েছে নারীদের নাড়ীর টান বাঙ্গালীয়ানা। সেই টানেই তারা ছুটে চলেছেন এক দোকান থেকে অন্য দোকানে শাড়ী কিনতে। দোকানে পাওয়া যাচ্ছে ঐতিহ্যবাহী কাতান, বালিচুরি, রাজশাহী সিল্ক। পাবনার তাঁতের শাড়ি যেমন নারীদের মন কাড়ছে তেমনি টাঙ্গাইলের গ্রামীণ চেকও নারীদের মন মাতিয়ে তুলেছে। তবে তুলনা মূলকভাবে শাড়ীর দাম নাগালের মধ্যে।

মার্কেটে অনুসঙ্গসহ ভিন্ন ভিন্ন জিনিষের মুল্য একটু চড়া বলে দাবী করলেও দোকানীরা বলেছেন অন্য কথা। তারা বলছেন, ক্রেতাদেরকে প্রথমে একটু দাম বাড়িয়ে বলা হয়। পরে দামা দামি করে সহনীয় পর্যায়ে

আসে। ক্রেতা সাধারণকে মালামাল না দিয়ে তাদের লাভ কোথায় ? লাভ না হলেও আসল তো উঠবে। এদিকে ক্রেতা সাধারণ জানালেন, গেল বছরের রং ও ডিজাইনের পোশাকের লেবেল লাগিয়ে নতুন বলে চালানোর চেষ্টা করছেন। দামও হাঁকছেন তেমন। সব নাগালের বাইরে। তার পরও পরিবারের লোকজনের বায়নার কারণে কিনতে হচ্ছে অনুসঙ্গ। তবে বাজারে ভারতীয় কোন নায়িকা বা মডেলের নামে পোশাক নেই। মহামারী করোনার কারণে ভারতীয় পোশাক আমদানী করা যায়নি বলে মন্তব্য করেছেন অনেক দোকানী।

ফুটপাথের মার্কেটও বেশ জমেছে। অভিজাত্য বিপনীর যাবার যাদের সামর্থ নেই তাদের ভরসা ফুটপাথ। বড়বড় শপিং মলে যে সকল অনুসঙ্গ রয়েছে, দেখতে একই রকম অনুসঙ্গ রয়েছে ফুটপাথে। শুধু কোয়ালিটি একটু আলাদা। গাংনী, রায়পুর, জোড়পুকুর ও বামন্দি বাজারের ফুটপাথে সেই চেনা চিত্র। কি নেই এখানে? নিম্ন ও মধ্য বিত্তদেরকে ঈদের আনন্দ দেয়ার জন্য স্বল্প দামে হরেক রকম ডিজাইনের অনুসঙ্গ আমদানী করেছে ফুটপাথের দোকানীরা। ৩০০ টাকা থেকে শুরু করে ৫০০ টাকার মধ্যে পাওয়া যাচ্ছে শাড়ী। বাচ্চাদের পোশাক ২০০ টাকা থেকে ৪০০ টাকার মধ্যে। ফুটপাথের ব্যবসায়িরা জানালেন, বেচা বিক্রি বেশ ভাল। এখানে যেসব পোশাক প্রসাধনী পাওয়া যায় তা একেবারই কোয়ালিটি সম্পন্ন না তা ঠিক না। ফুটপাথ হলো গরীব ও মধ্যবিত্তদের শেষ ভরসা।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, কোন ছিন্তাই রাহাজানি কিংবা ইভটিজিংয়ের মতো কোন ঘটনা না ঘটে সেজন্য পুলিশ টহলের ব্যবস্থা রয়েছে। এখনও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ জানান, বাজার মনিটরিং করা হচ্ছে। ক্রেতারা যাতে না ঠকে সেজন্য প্রশাসন সব সময় মার্কেটগুলেঅ নজরদারীতে রেখেছে। তার পরও কারো কোন অভিযোগ থাকলে সেটি জানালে তাৎক্ষনিক আইনী ব্যবস্থা নেয়া হবে।